

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৭০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৬২]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ২৬৬ : কোন মুসলিমকে অন্যায়ভাবে গালি-গালাজ করা কঠোরভাবে নিষিদ্ধ

(266) بَابُ تَحْرِيْمِ سَبِّ الْمُسْلِمِ بِغَيْرِ حَقٍّ

আরবী

وَعَنْهُ، قَالَ: أُتِيَ النَّبِيُّ صلى الله عليه وسلم بِرَجُلٍ قَدْ شرِبَ قَالَ: «اِضرِبُوهُ». قَالَ أَبُو هُريرةَ رضي الله عنه: فَمِنَّا الضَّارِبُ بِيَدِهِ، وَالضَّارِبُ بِنَعْلِهِ، وَالضَّارِبُ بِنَعْلِهِ، وَالضَّارِبُ بِثَوْبِهِ. فَلَمَّا انْصَرَفَ، قَالَ بَعْضُ القَوْمِ: أَخْزَاكَ اللهُ! قَالَ: «لا تَقُولُوا هَذَا، لاَ تُعِينُوا عَلَيْهِ الشَّيْطَان». رواه البخاري

বাংলা

8/১৫৭০। উক্ত রাবী (আবূ হুরাইরা) রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, মদ পান করেছে এমন এক ব্যক্তিকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট হাজির করা হল। তিনি আদেশ দিলেন, 'ওকে তোমরা মার।' আবূ হুরাইরা বলেন, [তাঁর আদেশ অনুযায়ী আমরা তাকে মারতে আরম্ভ করলাম।] আমাদের কেউ তাকে হাত দ্বারা মারতে লাগল, কেউ আপন জুতা দ্বারা, কেউ নিজ কাপড় দ্বারা। অতঃপর যখন সে ফিরে যেতে লাগল, তখন কিছু লোক বলে উঠল, 'আল্লাহ তোমাকে লাঞ্ছিত করুক।' তা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "এরূপ বলো না এবং ওর বিরুদ্ধে শয়তানকে সহযোগিতা করো না।" (বুখারী) [1]

English

(266) Chapter: Prohibition of Reviling a Muslim without any cause

Abu Hurairah (May Allah be pleased with him) said:

A drunkard was brought to the Prophet (ﷺ). He said, "Give him a beating." Then some beat him with their hands, some with their shoes, and some with (a folded) piece of cloth. When he left, someone said to him: "May Allah disgrace you!" The Prophet (ﷺ) said, "Do not help Satan overcome him by uttering such words."

[Al- Bukhari].



Commentary: We learn from this Hadith that imprecation against a sinner helps Satan because he is avowed to disgrace and humiliate Muslims before Allah. When a Muslim curses another Muslim and imprecates for hishumiliation and disgrace, he in fact tries to accomplish the mission of Satan because in doing so Satan will have achieved his objective. Therefore, one should not curse a fellow Muslim even if he or she is a sinner. In fact, one should pray to Allah for his or her guidance.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬৭৭৭, ৬৭৮১, আবূ দাউদ ৪৪৭৭, আহমাদ ৭৯২৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন